# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০৩

৪৫/ অনুমতি প্রার্থনা (ﷺ كتاب الاستئذان والآداب عن رسول الله)

পরিচ্ছেদঃ আরোহী ব্যক্তি পথচারী ব্যক্তিকে সালাম দিবে।

## باب مَا جَاءَ فِي تَسْلِيمِ الرَّاكِبِ عَلَى الْمَاشِي

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، وَإِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ، قَالاَ حَدَّثَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، عَنْ حَبِيبِ بْنِ الشَّهِيدِ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " يُسَلِّمُ الرَّاكِبُ عَلَى الْمَاشِي وَالْمَاشِي عَلَى الْقَاعِدِ وَالْقَلِيلُ عَلَى الْكَثِيرِ " . وَزَادَ ابْنُ الْمُثَنَّى فِي حَدِيثِهِ " وَيُسَلِّمُ الصَّغِيرُ عَلَى الْكَبِيرِ " . وَفِي الْبَابِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِبْلٍ وَفَضَالَةَ بْنِ عُبَيْدٍ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ قَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ . وَقَالَ أَيُّوبُ السَّخْتِيَانِيُّ وَيُونُسُ بْنُ عُبَيْدٍ وَعَلِيُّ بْنُ زَيْدٍ إِنَّ الْحَسَنَ لَمْ يَسْمَعْ مِنْ أَبِي هُرَيْرَةَ .

বাংলা

২৭০৩. মুহাম্মাদ ইবন মুছান্না ও ইবরাহীম ইবন ইয়াকুব (রহঃ) .... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আরোহী ব্যক্তি সালাম দিবে পথচারী ব্যক্তিকে; পথচারী ব্যক্তি সালাম দিবে বসে থাকা ব্যক্তিকে; কম সংখ্যক সালাম দিবে বেশী সংখ্যককে। ইবন মুছান্না (রহঃ) তাঁর রিওয়ায়তে আরো বর্ণনা করেনঃ অল্পবয়স্ক সালাম দিবে বয়স্ককে। সহীহ, সহিহাহ ১১৪৫, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবদুর রহমান ইবন শিবল, ফাযালা ইবন উবায়দ এবং জাবির (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি আবূ হুরায়রা (রাঃ) থেকে একাধিক সূত্রে বর্ণিত আছে। আয়্যুব সাখতিয়ানী, ইউনুস ইবন উবায়দ এবং আলী ইবন যায়দ (রহঃ) বলেছেন, হাসান (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) থেকে সরাসরি কোন হাদীস শুনেনে নি।

## English

Narrated Al-Hasan:

from Abu Hurairah that the Prophet (ﷺ) said: "The rider gives the Salam to the walking person, and the walking person to the sitting person and the few to the many." Ibn Al-Muthanna added in his narration: "And the young one gives the Salam to the elder."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন